

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
নন্দিগ্রাম, বগুড়া।

www.bbs.nondigram.bogra.gov.bd

স্মারক নং- ৫২.০১.০০৬৭.০০০.৫০.২১৫.১৯-০২

তারিখ : ০৭/০১/২০২০ খ্রীঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর জনশুমারি ও গৃহগণনা-২০২১ শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে খানা তালিকা প্রণয়ন কার্যক্রমের লক্ষ্যে নন্দিগ্রাম উপজেলার স্থায়ীভাবে বসবাসকারীর নিকট হতে কিছু সংখ্যক অস্থায়ী জনবলের নিয়োগ দেওয়া হবে।

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
০১.	সুপারভাইজার	কমপক্ষে এইচ,এস,সি পাশ অথবা সমমানের যোগ্যতা সম্পন্ন। তবে স্নাতক উত্তীর্ণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবে। প্রার্থীর বয়স ০৭/০১/২০২০ তারিখে ১৮-৪০ বছর হতে হবে। বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবে।
০২.	তালিকাকারী/গণনাকারী	কমপক্ষে এইচ,এস,সি পাশ অথবা সমমানের যোগ্যতা সম্পন্ন। প্রার্থীর বয়স ০৭/০১/২০২০ তারিখে ১৮-৩০ বছর হতে হবে। বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবে।

বিঃদ্রঃ সুপারভাইজার ও তালিকাকারী/গণনাকারীর সম্মানি প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান অফিস, নন্দিগ্রাম, বগুড়া www.bbs.nondigram.bogra.gov.bd ও জেলা পরিসংখ্যান কার্যালয়, বগুড়া www.bbs.bogra.gov.bd এর ওয়েবসাইট হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহপূর্বক সহপুত্র পূরণ করে আবেদন করতে হবে।
- প্রার্থীকে আবেদন পত্রের সাথে আবেদন পত্রে উল্লেখিত সকল সনদের সত্যায়িত ফটোকপি ও সদ্য উঠানো এক(০১) কপি পাসপোর্ট ও এক(০১) কপি স্ট্যাম্প সাইজ ছবি সত্যায়িত করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে খামের উপর পদের নাম ও ইউনিয়নের নাম উল্লেখ করতে হবে।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন প্রার্থী একটি মাত্র পদে আবেদন করতে পারবে।
- বর্তমানে অধ্যায়নরত ছাত্র/ছাত্রী অগ্রাধিকার পাবে। ৫০% মহিলা প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- প্রার্থীর ইংরেজী হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে।
- প্রার্থীকে স্মার্টফোন পরিচালনায় দক্ষতা ও নিজস্ব স্মার্টফোন থাকতে হবে। স্মার্টফোনের ক্ষেত্রে এন্ড্রয়েড ভার্সন-৬ বা তদুর্ধ্ব এবং স্ক্রীন সাইজ অন্তত ৫" হতে হবে।
- প্রার্থী জনশুমারি ও গৃহগণনা-২০২১ শীর্ষক প্রকল্পের আওতায় ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে খানা তালিকা প্রণয়ন কার্যক্রমের সময় অন্য কোন কর্মে নিযুক্ত থাকতে পারবে না।
- ৫০% মহিলা প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নয় বলে গণ্য হবে এবং তাহার নিয়োগ বাতিল করা হইবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল, সংযোজন বা বিয়োজনের ক্ষমতা রাখে।
- শুধুমাত্র লিঙ্গিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান অফিস, নন্দিগ্রাম, বগুড়ার ওয়েবসাইটে প্রকাশ করা হবে। একই সাথে মোবাইলে মেসেজের মাধ্যমে জানানো হবে।

আগ্রহী প্রার্থীগণ আগামী ০৯/০১/২০২০ইং হতে ১৯/০১/২০২০ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বরাবর, উপজেলা নির্বাহী অফিসার, নন্দিগ্রাম, বগুড়ার বরাবর আবেদন করবেন এবং উপজেলা পরিসংখ্যান অফিস, নন্দিগ্রাম, বগুড়ার কার্যালয়ে নিজে বা ডাকযোগে আবেদন পত্র জমাদান করতে পারবেন।

সাক্ষাতকার গ্রহণের তারিখ:

নন্দিগ্রাম সদর ও ভাটগ্রাম- ২৭/০১/২০২০ ইং

পৌরসভা ও বুড়ইল- ২৮/০১/২০২০ ইং

খালতা মাঝগ্রাম ও ভাটরা- ২৯/০১/২০২০ ইং

স্থান ও সময়:

উপজেলা পরিসংখ্যান অফিস, নন্দিগ্রাম, বগুড়া।

সকাল: ১০.০০-৫.০০ ঘটিকা।

(মোহাঃ শারমিন আখতার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর

সুপারভাইজার ও গণনাকারী নির্বাচন কমিটি

নন্দিগ্রাম, বগুড়া।